01 SEP 2016
তারিখ ...
পৃষ্ঠা ...২... কলাম ...৭...

যুগান্তর

# ঢাকার নামকরা ৩ কলেজে নতুন পরিচালনা কমিটি

যুগান্তর রিপোর্ট

অনেক নাটকীয়তার পর ঢাকার নামকরা তিনটি শিক্ষাপ্রতিষ্ঠানে অস্থায়ী পরিচালনা পর্ষদ গঠন করা হয়েছে। এ সংক্রান্ত আদেশ বুধবার জারি করেছে ঢাকা শিক্ষা·বোর্ড। এতে ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজ, আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ ও উইলস লিটল ফ্লাওয়ার স্কুল অ্যান্ড কলেজের এডহক কমিটি গঠনের কথা বলা হয়। আদেশ অনুযায়ী, ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের সভাপতির দায়িত্ব পালন করবেন সরকারের যুগ্ম সচিব নাজমুল হক খান। তিনি শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের একান্ত সচিব (পিএস)। আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের সভাপতি করা হয়েছে শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (কলেজ) মোল্লা জালাল উদ্দিনকে। উইলস লিটল ফ্লাওয়ার স্কুল অ্যান্ড কলেজে সভাপতি করা হয়েছে ঢাকার জেলা প্রশাসককে। এ তিন প্রতিষ্ঠানের সভাপতি ছিলেন বেসরকারি বিমান ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন এমপি। আদালতের রায়ের পরিপ্রেক্ষিতে তিনি কমিটি থেকে বাদ পড়েন। প্রতিটি কমিটি চার সদস্যের। এতে প্রত্যেক প্রতিষ্ঠানের অধ্যক্ষ পদাধিকার বলে সদস্য সচিব। হাইকোর্টের রায়ের আলোকে কলেজগুলো সুষ্ঠু পরিচালনার স্বার্থে ও নিয়মিত পর্ষদ গঠনের লক্ষ্যে এডহক কমিটি গঠন করা হয় বলে আদেশে বলা হয়। এদিকে নতুন সভাপতিদের স্বাগত জানালেও কমিটির অন্য সদস্যদের ব্যাপারে যথারীতি আপত্তি দিয়েছেন উল্লিখিত তিন প্রতিষ্ঠানের অভিভাবকরা।